

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর  
আগারগাঁও, ঢাকা-১২০৭।



নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.২৫৬.১৭-৩১০

তারিখ: ৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

বিষয়: বিভাগীয় মামলা নং ০৭/২০১৭ এর গুরুদত্ত প্রদান।

যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) কে বোর্ডের কর্মচারী চাকুরি প্রবিধানমালা ৯১ এর সংজ্ঞায়িত ধারা-২ (ক) এর আওতায় বোর্ড কর্তৃপক্ষ প্রবিধানের ৩৫ (ক), (খ) ও (ছ) দন্ডের ভিত্তিতে অফিসের নিরাপত্তার স্বার্থে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহিত হয় (মামলা নং ০৭/২০১৭) এবং বোর্ডের স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.০২৫.১৭-৫২৮ তারিখ ৪-১২-২০১৭ মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তৈরি করে প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) উক্ত অভিযোগ নামার লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, জনাব মোঃ হারুন-অর-রশিদ, কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) এর জবাব সন্তুষ্ট না হওয়ায় অভিযোগ তদন্তের জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট "তদন্ত বোর্ড" গঠন করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ড অভিযোগ সমূহ তদন্ত করে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং ৫টি অভিযোগের মধ্যে ৩টি অভিযোগ প্রমাণিত হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করেন;

যেহেতু, তদন্ত বোর্ডের প্রতিবেদন ও মামলার সহিত সংশ্লিষ্ট নথি পত্রাদি পর্যালোচনা করে কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীকে নিজ বেতনক্রমের নিম্নস্তরে গুরুদত্ত প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে এবং বোর্ডের স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.২৫৬.১৭-৩২৭/১ তারিখ ১১-০৭-২০১৮ মোতাবেক তদন্ত প্রতিবেদনসহ তার বিরুদ্ধে ২য় শোকজ নোটিশ করা হয়;

যেহেতু, আপনি ২য় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ জবাবে সন্তুষ্ট না হওয়ায় বোর্ডের কর্মচারী চাকুরী প্রবিধানমালা অনুসারে গুরুদত্ত প্রদান বিবেচনায় বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, আপনি জনাব মোঃ হারুন-অর-রশিদ, কম্পিউটার অপারেটর (সাময়িক বরখাস্ত) কে বোর্ডের কর্মচারী চাকুরী প্রবিধানমালা এসআরও নং ৩৩১ আইন/৯১ এর ৩৬ (আ) (ঘ) ধারা মোতাবেক বেতনক্রমের নিম্নস্তরে অর্থাৎ ২২,০০০-৫৩,০৬০/- (২০১৫) টাকার বেতনক্রমের ২২,০০০/- টাকার স্তরে অবনতকরণ করে গুরুদত্ত প্রদান করা হলো এবং বোর্ডের স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.০২৫.১৭-৫২৮ তারিখ ৪-১২-২০১৭ খ্রিঃ মোতাবেক সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

(মোঃ মোস্তাফিজুর রহমান)  
চেয়ারম্যান

✓ জনাব মোঃ হারুন অর রশিদ  
কম্পিউটার অপারেটর  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

নং ৫৭.১৭.০০০০.১০২.২৭.২৫৬.১৭-৩১০ (১২)

তারিখ: ৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩-৬। পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ১০। সেকশন অফিসার (প্রশাসন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নূর-এ-ইলাহী)  
উপ-সচিব (প্রশাসন)